W.B.P. Form No. 27

# FIRST INFORMATION REPORT

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S.

1. Dist Purba Midnapur Sub-Divn. Contai P.S. Khejuri Year 2017 FIR NO. 121/17 Date 05.06.17
2. i) Act IPC Section 498A/302/304B/34 IPC Act Sections
2. ii) Act x Section x iv) Other Act & Sections 3/4 DP Act
3. a) General Diary Reference : Entry No. 184 dt 05.06.2017 Time at 18.05 hrs
   b) Occarrence of Offence : Day Tuesday Date 30.05.17 Time at about 19.00 hrs
   c) Information received Date 05.06.2017 hrs Time at 18.05 hrs
   G.D. No. 184 at the Police Station :
4. Type of Information. Written / Oral
5. Place of Occurrence a) Direction and Distrance from P.S. Kamarda Garh Kachuri 16 KM N/W
   b) Address Vill - Kamarda JL No 16 GP No. V Block No. I PS. Khejuri Dist - Purba Midnapur
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. x
   District x
6. Complaint /Informant :
   a) Name Smt Sandhya Mondal
   b) Father's / Husband's Name Rabin Mondal
   c) Date/Year of Birth
   d) Nationality Indian
   e) Address Vill + PO - Mohati PS Khejuri Dist - Purba Midnapur
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Buddhadeb Bera s/o Jamini R... (2) Jamini Ranjan Bera s/o Lt Tarendra Be... (3) Smt Sundari Bera w/o Jamini Ra... (4) Babita d/o Lt. Aswini Bera all of Kam... Garkachari PS Khejuri Dist Purba Mid... (5) Goutam Giri s/o Dulal... Vill - Patna PS. Khejuri Dist - Purba Midnap...
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required)
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. if any : Khejuri PS. UD. Case no 20/17 dt 30.5.17
12. FIR Contents : (Attach separate sheets, if required) The original written complaint of the compl which is treated as FIR is attached here with.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 498A/302/304B/34 IPC 3/4 DP Act
    register the case and took up the investigation/directed SI Bibhas Dolai to take up the investigation
    transferred to P.S. x on point of jurisdiction FIR read over to the Complaint / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

(Signature) 05.6.17

Signature of the Office-in-charge, Police Station with
Name SHIBSANDU DAS Officer-in-Ch...

The O/C, Khejuri,
Dist.- Purba Medinipur

বাদীনী –
শ্রীমতী সন্ধ্যা মণ্ডল,
স্বামী- শ্রী রবীন মণ্ডল,
সাং ও পোঃ- মোহাটী, পিন- ৭২১৪৩০,
থানা- খেজুরী, জেলা- পূর্ব মেদিনীপুর ।

আসামীগন –
১) শ্রী বুদ্ধদেব বেরা,
পিতা- শ্রী যামিনী রঞ্জন বেরা,
২) শ্রী যামিনী রঞ্জন বেরা,
পিতা- ঁ তারেন্দ্র বেরা
৩) শ্রীমতী সুন্দরী বেরা,
স্বামী- শ্রী যামিনী রঞ্জন বেরা,
৪) শ্রী পবিত্র বেরা,
পিতা- ঁঅশ্বিনী বেরা,
সর্ব্ব সাং- কামারদা গড়কচুরী,
পোঃ- কামারদা বাজার, পিন- ৭২১৪৩২,
থানা- খেজুরী, জেলা- পূর্ব মেদিনীপুর ।
৫) শ্রী গৌতম গিরি,
পিতা- শ্রী দুলাল গিরি,
সাং- পাটনা, পোঃ- অজয়া,
পিন- ৭২১৪৩০,
থানা- খেজুরী, জেলা- পূর্ব মেদিনীপুর ।

সাক্ষীগন –
১) শ্রী নিতাই মণ্ডল,
পিতা- ঁভগীরথ মণ্ডল,
২) শ্রী মনোরঞ্জন মণ্ডল,
পিতা- ঁভগীরথ মণ্ডল,
৩) শ্রী জলধর গিরি,
পিতা- ঁজীবন গিরি,
৪) শ্রী রবীন মণ্ডল,
পিতা- ঁশশধর মণ্ডল,
৫) শ্রী মহাদেব মণ্ডল,
পিতা- ঁললীন মণ্ডল,
সর্ব্ব সাং ও পোঃ- মোহাটী, পিন- ৭২১৪৩০,
থানা- খেজুরী, জেলা- পূর্ব মেদিনীপুর ।

Received on 05.06.2017 at 18:05hrs and started Khejuri PS case No. 121/17 dt 05.6.17 u/s 498A/302/304B/34 IPC & 3/4 D.P. Act.

Officer-in-Charge
Khejuri P. S.
Dist. Purba Medinipur

শ্রদ্ধেয় মহাশয়,

অধীনা শ্রীমতী সন্ধ্যা মণ্ডল উপরোক্ত বাদীনীর বিনীত নিবেদন এই যে, ১ নং আসামী শ্রী বুদ্ধদেব বেরা-র সহিত অধীনার কন্যা তাপসী মণ্ডল বেরা-র গত ইং ২০১৬ সালের ১৯ শে জুলাই তারিখে হিন্দু শাস্ত্র মতে বিবাহ হইয়াছিল । উক্ত বিবাহের সময় অধীনার স্বামী যদিও দীন দরিদ্র তবুও ধার দেনা করিয়া সাধ্যমত যৌতুকাদি দিয়াছিল । বিবাহের পরে অধীনের উক্ত কন্যা তাহার শ্বশুরালয়ে স্বামীর সহিত সংসার করাকালীন ১ নং আসামী, ২-৫ নং আসামীগনের দ্বারা পরিচালিত হইয়া অধিক যৌতুকাদির জন্য অধীনার কন্যার উপর মানসিক ও শারীরিক নির্যাতন করিত । অধীনের কন্যা তজ্জন্য তাহার পিতামাতাকে জানাইত । অধীন বারংবার তাহার কন্যার শ্বশুরালয়ে গিয়া আসামীগনের নিকট করজোড়ে তাহার দীন দারিদ্রতার কথা উল্লেখ করিয়া আর যৌতুকাদি দিতে পারিবেন না বলিয়াছে । গত ইং ১৫/০৫/১৭ তারিখে ১ নং আসামী, ২-৫ নং আসামীগনের দ্বারা প্রলুব্ধ এবং প্রভাবিত হইয়া ২১,০০০/- (একুশ হাজার) টাকার মূল্যের নতুন মোবাইল

( ক্রমশ পৃষ্ঠা নং - ২ )

কিনিবে বলিয়া অধীনের কন্যাকে উক্ত টাকা তাহার পিতার নিকট হইতে লইয়া আসিতে বলায় অধীনের কন্যা রাজী না হওয়ায় ১ নং আসামী আশালীন গালিগালাজ সহ মারধর করিয়াছিল। অধীনের কন্যা উক্ত কথা ফোন করিয়া অধীনকে বলিয়াছিল । তৎপরে জামাইষষ্ঠী উপলক্ষ্যে অধীনা নিজে গত ইং ২৮/০৫/২০১৭ তারিখে তাহার উক্ত কন্যার শ্বশুরালয়ে মেয়ে জামাইকে আনিবার জন্য গিয়াছিল এবং ২ নং আসামীর নিকট প্রস্তাব দিয়াছিল যে, জামাইষষ্ঠী উপলক্ষ্যে মেয়ে-জামাইকে লইয়া যাইবে । তখন ১ নং আসামী বলিয়াছিল যে, নতুন মোবাইল ক্রয়ের জন্য অধীনাকে ২১,০০০/- (একুশ হাজার) টাকা দিতে হইবে । তবে তাহারা জামাইষষ্ঠী উপলক্ষ্যে অধীনার বাড়িতে আসিবে । অধীনা বলিয়াছিল যে, উক্ত টাকা দিবার ক্ষমতা তাহার নাই বলিয়া বাড়ি চলিয়া আসে । গত ইং ৩০/০৫/২০১৭ তারিখে সময় আন্দাজ সন্ধ্যা ৭-টার সময় অধীনা সংবাদ পায় যে তাহার উক্ত কন্যাকে আসামীগন মারিয়া ফেলিয়াছে ।

অধীনা নিবেদন করে যে, আসামীগন একযোগে ষড়যন্ত্র সহকারে অধীনার কন্যাকে মারিয়া ফেলিয়াছে । বিবাহের পর হইতে অধিক যৌতুকাদির জন্য আসামীগন একযোগে অধীনার কন্যার উপর মানসিক এবং শারীরিক নির্যাতন করিত । অবশেষে তাহারা অধীনার কন্যাকে ষড়যন্ত্র সহকারে মারিয়া ফেলিয়াছে ।

উপরোক্ত মতে, অধীনার বিনীত নিবেদন এই যে, উপরোক্ত তদন্ত সহকারে ভারতীয় দণ্ডবিধি আইন অনুযায়ী আসামীগনকে সমুচিত শাস্তি প্রদানে সুবিচার করিতে আজ্ঞা হয় ।

উক্ত আবেদনপত্র আমার কথামত লেখা হয়েছে এবং তাহা পড়িয়া শোনার পর আমি আবেদন পত্রে নিজ নাম স্বাক্ষর করিলাম ।

নিবেদন ইতি –

সন্ধ্যা মন্ডল

তাং – ০৫/০৬/২০১৭
স্থান- মোহাটী